কার্যপত্র
Worksheet

৪

ভূমিকা

Introduction

বিশ্বের সব কিছুর সাথে তাল মিলিয়ে হিসাববিজ্ঞানও পরিবর্তিত হচ্ছে। এ পরিবর্তনের একটি উদাহরণ হলো কার্যপত্র। আর্থিক বিবরণী প্রস্তুতের আগে সকল সমন্বয় দাখিলাকে বিভিন্ন সম্পত্তি, দায়, আয় ও ব্যয় হিসাবের সাথে যোগ বিয়োগ করে খতিয়ানের বিভিন্ন খাতের আপাতত জের বের করে যে খসড়া বিবরণী প্রস্তুত করা হয় তাই হচ্ছে কার্যপত্র। এটি আর্থিক বিবরণীর অত্যাবশ্যকীয় কোনো অংশ নয়। এটি একটি ঐচ্ছিক কাজ। এ ইউনিটে আমরা কার্যপত্র প্রস্তুতের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করব।

 **ইউনিট সমাপ্তির সময়**	ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ২ সপ্তাহ

এ ইউনিটের পাঠসমূহ

পাঠ ৪.১ : কার্যপত্রের সংজ্ঞা ও প্রয়োজনীয়তা

পাঠ ৪.২ : কার্যপত্রের ছক ও প্রস্তুতপ্রণালি

পাঠ ৪.৩ : কার্যপত্র প্রস্তুতের ধাপসমূহ

পাঠ ৪.৪ : কার্যপত্র: গাণিতিক সমস্যা ও এর সমাধান

পাঠ-৪.১ কার্যপত্রের সংজ্ঞা ও প্রয়োজনীয়তা
Definition and Necessity of Worksheet

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- কার্যপত্র কী তা বলতে পারবেন।
- কার্যপত্রের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন।

কার্যপত্রের সংজ্ঞা
Definition of worksheet

বড় ব্যবসায় প্রতিষ্ঠানে লেনদেনের সংখ্যা বেশি থাকে, যার ফলে দফার সংখ্যা ও সমন্বয়ের পরিমাণও বেশি থাকে। অধিক সংখ্যক সমন্বয় থাকার কারণে আর্থিক বিবরণী তৈরি করতে হিসাবরক্ষকের ভুল হওয়ার সম্ভাবনা থেকে যায়। এ অসুবিধা দূর করার জন্য এবং আর্থিক বিবরণী দ্রুত ও নির্ভুলভাবে প্রস্তুত করার লক্ষ্যে প্রয়োজনীয় সব ধরনের হিসাব তথ্যসমূহকে সুশৃঙ্খল ভাবে লিপিবদ্ধকৃত বহুঘর বিশিষ্ট সহায়ক বিবরণীকে কার্যপত্র বা Work sheet বলে। বিভিন্ন লেখক কার্যপত্রের যে সংজ্ঞা প্রদান করেছেন তা নিম্নে উপস্থাপন করা হলো:

১। **Weygandt, Kieso and Kimmel**-এর মতে– "কার্যপত্র হচ্ছে বহুঘর বিশিষ্ট ছক যা সমন্বয় প্রক্রিয়া সম্পাদন এবং আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার জন্য ব্যবহার করা হয়।" ("A work sheet is a multiple column form that may be used in the adjusement process and in preparing financial statement.")

২। **Dr. Walter & Dr. Robert – এর মতে–** "কার্যপত্র হচ্ছে একটি সময়কাল শেষে সুবিধাজনক পদ্ধতিতে বিশেষভাবে প্রস্তুতকৃত প্রয়োজনীয় সব ধরনের হিসাব তথ্যের বহুঘর বিশিষ্ট বড় শিট কাগজ।" ("A work sheet is a large columnar sheet of paper, especially desined to arrange in a conveninet systematic form of all the accounting data required at the end of the period.")

৩। **Pyle & Larson-এর মতে–** "কার্যপত্র হচ্ছে একজন হিসাবরক্ষক কর্তৃক ব্যবহৃত আর্থিক বিবরণী, সমন্বয় দাখিলা প্রস্তুতের জন্য ব্যবহার যোগ্য সুশৃঙ্খলভাবে একত্রিত তথ্যসমূহের খসড়া কাগজ।"

উপরোক্ত আলোচনা শেষে বলা যায়, আর্থিক বিবরণী প্রস্তুতে ব্যবহৃত প্রয়োজনীয় তথ্যগুলোকে সুশৃঙ্খলভাবে বহুঘর বিশিষ্ট যে বিবরণী প্রস্তুত করা হয় তাকে কার্যপত্র বা Work sheet বলে।

কার্যপত্রের প্রয়োজনীয়তা
Necessity of worksheet

কার্যপত্র একটি খসড়া বা সহায়ক কার্য বলে আর্থিক বিবরণীসমূহ তৈরির পূর্বে ইহা তৈরি করা গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়িয়েছে। উদ্বর্তপত্র তৈরির আগে এক শিট কাগজে ইহা তৈরি করা হয়। খসড়া কার্য হলেও কার্যপত্র বা Work sheet নানাবিধ উদ্দেশ্য প্রয়োজন মিটায়। নিম্নে কার্যপত্রকে উদ্দেশ্য বা সুবিধাগুলো বা গুরুত্বসমূহ আলোচনা করা হলো :

১। **গাণিতিক ভুল এড়ানো (Avoiding the mathematical error) :** কার্যপত্রে রেওয়ামিলের ডেবিট ও ক্রেডিট অন্তর্ভুক্ত খতিয়ানের জেরগুলো সর্বপ্রথম বসে। এরপর সমন্বয়ের দফাগুলো সমন্বয় কলামে বসে। এর ফলে গাণিতিক ভুল এড়িয়ে নির্ভুলভাবে কার্যপত্র প্রস্তুত করা সম্ভব হয়।

২। **খতিয়ানের জেরগুলো একত্রে উপস্থাপন (To show the balances of ledger accounts) :** প্রতিষ্ঠানের রেওয়ামিলে

প্রদর্শিত খতিয়ানের জের এবং রেওয়ামিলে বর্হিভূত তথ্যগুলো সমন্বয় করে খতিয়ানের সকল জের কার্যপত্রে একত্রে উপস্থাপন করা হয়। এর দ্বারা খতিয়ানের সকল দফা রেওয়ামিলে প্রদর্শন করা সহজ হয়।

৩। **অন্তবর্তীকালিন আর্থিক প্রতিবেদন তৈরি (To prepare interim financial statement) ঃ** কার্যপত্র তৈরির মাধ্যমে হিসাব বছরের যে কোনো সময় খতিয়ানের জের বন্ধ না করেই যে কোনো মেয়াদেই যেমন: ২ মাস, ৩ মাস, ৬ মাস, ৯ মাসের জন্য আর্থিক বিবরণী তৈরি করা যায়। কার্যপত্র তৈরি না করে অন্তর্বর্তীকালিন আর্থিক প্রতিবেদন তৈরি করা কষ্টসাধ্য ব্যাপার।

৪। **চূড়ান্ত আর্থিক বিবরণী তৈরিতে সহায়তা (To help the preparing of financial statement) :** প্রতিটি কারবারি প্রতিষ্ঠান একটি নির্দিষ্ট সময় শেষে সাধারণত এক বছর শেষে চূড়ান্ত আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করে। আর্থিক বিবরণী তৈরি করার জন্য প্রয়োজনীয় সকল তথ্য কার্যপত্র বা Work sheet থেকে পাওয়া যায়। সুতরাং চূড়ান্ত আর্থিক বিবরণী প্রস্তুত করতে কার্যপত্র সহায়তা করে।

৫। **আর্থিক অবস্থা জানা (To know the result of financial position) :** কার্যপত্র থেকে সম্পত্তি ও দায়সমূহ নিয়ে উদ্বর্ত পত্র তৈরি করা হয়। আর্থিক বিবরণী তৈরি করার পূর্বেই কার্যপত্র তৈরি করা হয়। আর্থিক বিবরণী তৈরি করার পর কার্যপত্র থেকেই সম্পত্তি ও দায়ের পরিমাণ সম্পর্কে জানা যায়।

৬। **আয়ব্যয় ও সম্পত্তি-দায় চিহ্নিতকরণ (Identification of income expenditure and assets-liabilities) :** কার্যপত্রে সমন্বিত রেওয়ামিলে এক নজরে আয়ব্যয় ও সম্পত্তি-দায়সমূহ দেখানো হয়। কিন্ত আয় বিবরণী ও উদ্বর্তপত্রে আয়ব্যয় ও সম্পত্তি-দায়সমূহকে আলাদাভাবে দেখানো হয়।

৭। **সমাপনী দাখিলা সহজিকরণ (Easy to prepare closing entry) :** কার্যপত্র বা Work sheet এ সকল তথ্য ব্যবহার উপযোগী করে রাখা হয়। এজন্য কার্যপত্র থেকে সমাপনী দাখিলা প্রস্তুত করা সহজ হয়।

৮। **দ্রুত ও নির্ভুল আর্থিক বিবরণী তৈরিতে সহায়তা (Help to prepare true financial statement promptly) :** কার্যপত্রে অসমন্বিত রেওয়ামিল থেকে সমন্বয়গুলো সমন্বয় করে সমন্বিত রেওয়ামিল তৈরি করা হয়। যার ফলে দ্রুত ও নির্ভুলভাবে আর্থিক বিববরণী তৈরি করা যায়।

সারসংক্ষেপ:

কার্যপত্র হচ্ছে একটি সময়কাল শেষে সুবিধাজনক পদ্ধতিতে বিশেষভাবে প্রস্তুতকৃত প্রয়োজনীয় সব ধরনের হিসাব তথ্যের বহুঘর বিশিষ্ট বড় একটি বিবরণী পত্র। এটি হিসাবের গাণিতিক ভুল এড়ানোর কাজে, খতিয়ানের জেরগুলো একত্রে উপস্থাপন করতে, অন্তবর্তীকালিন আর্থিক প্রতিবেদন তৈরিতে, চূড়ান্ত আর্থিক বিবরণী তৈরিতে, আর্থিক ফলাফল জানার জন্যে, আয়ব্যয় ও সম্পত্তি দায় চিহ্নিতকরণের ক্ষেত্রে, সমাপনী দাখিলা সহজিকরণে এবং দ্রুত ও নির্ভুল আর্থিক বিবরণী তৈরিতে সহায়তা করে।

পাঠ-৪.২ কার্যপত্রের ছক ও ইহার প্রস্তুতপ্রণালি

Forms and Rules for the Preparation of Worksheet

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- কার্যপত্রের ছক সম্পর্কে বলতে পারবেন।
- কার্যপত্রের প্রস্তুতের কৌশল ব্যাখ্যা করতে পারবেন।

কার্যপত্রের ছক

Forms of worksheet

যেহেতু এক একটি প্রতিষ্ঠানের প্রকৃতি ও গঠন আলাদা তাই বিভিন্ন প্রতিষ্ঠানের উদ্দেশ্যের ক্ষেত্রে ভিন্নতা দেখা যায়। প্রকৃতি ও প্রয়োজন অনুসারে কার্যপত্রের ছক বিভিন্ন ঘর বা কলাম বিশিষ্ট হয়ে থাকে। নিম্নে বিভিন্ন প্রতিষ্ঠানে প্রচলিত ঘর বিশিষ্ট ছক সম্পর্কে আলোচনা করা হলো:

১। **আটঘরা কার্যপত্র (Eight column work sheet)** : আটঘরা কার্যপত্র যে সকল প্রতিষ্ঠান ব্যবহার করে তারা সাধারণত নিচের কলামসমূহ ব্যবহার করে :

(ক) রেওয়ামিল বা অসমন্বিত রেওয়ামিল, (খ) সমন্বয়, (গ) আয় বিবরণী, (ঘ) স্থিতিপত্র বা উদ্বর্তপত্র।

ছোটো ও মাঝারি ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান এ ধরনের ছক ব্যবহার করে যার নমুনা নিম্নরূপ :

Name of the Company
Work Sheet
For the Year ended

Account Titles	Trial Balance		Adjustments		Income Statement		Balance Sheet	
	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.

২। **দশঘরা কার্যপত্র (Ten column work sheet)** : দশঘরা কার্যপত্রে নিচের ঘর ব্যবহার করা হয়:

(ক) রেওয়ামিল/অসমন্বিত রেওয়ামিল, (খ) সমন্বয়, (গ) সমন্বিত রেওয়ামিল, (ঘ) আয় বিবরণী, (ঙ) স্থিতিপত্র বা উদ্বর্তপত্র। বৃহদাকার কারবারি প্রতিষ্ঠান এবং সেবাদানকারী প্রতিষ্ঠান এ ধরনের ঘর বা কক্ষ ব্যবহার করে কার্যপত্র তৈরি করে।

এ ছককে কার্যপত্রের মৌলিক ছক বলা হয়। নিম্নে এর নমুনা দেওয়া হলো :

Name of the Company
Work Sheet
For the Year ended

Account Titles	Trial Balance		Adjustments		Adj. Trial Balance		Income Statement		Balance Sheet	
	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.

৩। **বারোঘরা কার্যপত্র (Twelve column work sheet)** ঃ বারোঘরা কার্যপত্রে নিচের ঘরগুলো থাকে।

(ক) রেওয়ামিল বা অসমন্বিত রেওয়ামিল (খ) সমন্বয় (গ) সমন্বিত রেওয়ামিল (ঘ) আয় বিবরণী (ঙ) সংরক্ষিত আয় বিরবণী এবং (চ) স্থিতিপত্র বা উদ্বর্তপত্র। এর নমুনা নিম্নরূপ :

Name of the Company
12 Column Work Sheet
For the Year ended

Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Retained Earnings Statement		Balance Sheet	
	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.

কার্যপত্রের প্রস্তুতপ্রণালী

Rules for the preparation of worksheet

রেওয়ামিল প্রস্তুতের পর আর্থিক বিবরণী তৈরি করার পূর্বে হিসাবের সমন্বয় ও সমাপনী দাখিলাগুলোকে সংশ্লিষ্ট খতিয়ান উদ্বৃত্তগুলোর সাথে সমন্বয় করে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের জন্য অনানুষ্ঠানিকভাবে কার্যপত্র তৈরি করা হয়। কার্যপত্র প্রস্তুতের নিয়মাবলি নিম্নে বর্ণিত হলো :

১। **প্রতিষ্ঠানের নাম ও কার্যপত্র প্রস্তুতের সময়কাল :** কার্যপত্রের উপরে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম ও প্রস্তুতের সময়কাল সর্বপ্রথম লিখতে হবে।

২। **ঘর অংকন ও ঘরের শিরোনাম চিহ্নিত করা :** কার্যপত্র তৈরির জন্য প্রয়োজনীয় ঘর অংকন করে এর প্রত্যেক ঘরের শিরোনাম লিখতে হবে। যেমন-প্রথম ঘরে ক্রমিক নং; দ্বিতীয় ঘরে হিসাবের নাম, পরবর্তী জোড়া ঘরগুলো যথাক্রমে (১) রেওয়ামিল (২) সমন্বয় (৩) সমন্বিত রেওয়ামিল (৪) আয় বিবরণী (৫) উদ্বর্তপত্র ইত্যাদি শিরোনাম লিখতে হবে। প্রতিটি জোড়া ঘরের একটিতে ডেবিট অন্যটিতে ক্রেডিট লিখতে হবে। যৌথ মূলধনী কারবারের ক্ষেত্রে Retained earning নামে আরও একটি ঘর , যেটি Income statement এবং Balance sheet এর মাঝামাঝি জায়গায় বসবে। অবশ্য আটঘরা Worksheet তৈরির ক্ষেত্রে প্রথমে উল্লিখিত ১০টি ঘরের Adjusted trial balance ঘরটি বসবে না।

৩। **রেওয়ামিল :** রেওয়ামিল করে দেওয়া থাকলে উক্ত রেওয়ামিল হুবহু Worksheet এর রেওয়ামিল ঘরে লিখতে হবে এবং টাকার অংক বসিয়ে Close করতে হবে।

৪। **সমন্বয় :** যে লেনদেনগুলোর সমন্বয় প্রয়োজন সেগুলির সমন্বয় জাবেদা করে সমন্বয় ঘরে বসাতে হবে এবং সমন্বয় ঘরের ডেবিট ও ক্রেডিট যোগ করে Close করতে হবে।

৫। **সমন্বিত রেওয়ামিল :** সমন্বিত রেওয়ামিল ঘরের হিসাবের পর সমন্বিত জের সমন্বিত রেওয়ামিলের ডেবিট ও ক্রেডিট দিকে লিখতে হবে। অর্থাৎ অসমন্বিত রেওয়ামিলের দফার সাথে সমন্বয়গুলোর নিয়মমাফিক সমন্বয়সাধনের মাধ্যমে সমন্বিত রেওয়ামিলের ঘরগুলো পূরণ করতে হয়। এর উভয় পার্শ্বের যোগফল বের করে গাণিতিক শুদ্ধতা যাচাই করা হয়।

৬। **আয় বিবরণীর ঘর :** সমন্বিত রেওয়ামিলের ঘর পূরণের পর উহা হতে মুনাফা জাতীয় আয় ও ব্যয়সমূহ আয় বিবরণীতে লিখতে হয়। আয়সমূহ আয় বিবরণীর ক্রেডিট দিকে এবং ব্যয়সমূহ ব্যয়বিবরণীর ডেবিট দিকে বসাতে হয়। আয় বিবরণীর ব্যয়ের সমষ্টি অপেক্ষা আয়ের সমষ্টি বেশি হলে নিট লাভ হয়। পক্ষান্তরে ব্যয়ের সমষ্টি আয়ের সমষ্টি অপেক্ষা বেশি হলে তাকে নিট ক্ষতি বলে। আয় বিবরণীর লাভ বা ক্ষতি উর্দ্বতপত্রে স্থানান্তরিত হয়।

৭। **উদ্বর্তপত্র :** সমন্বিত রেওয়ামিলের সম্পত্তি জাতীয় দফাগুলো উদ্বর্তপত্রের সম্পত্তির দিকে এবং দায় জাতীয় দফাগুলো ও স্বত্ত্বাধিকার সংক্রান্ত দফাগুলো দায়ের দিকে লিখতে হয়। আয় বিবরণীতে যদি নিট লাভ হয় তবে উদ্বর্তপত্রের দায়ের দিকে এবং যদি নিট ক্ষতি হয় তবে উদ্বর্তপত্রের সম্পত্তির তথা ডেবিট দিকে বসবে। তখন উদ্বর্তপত্র মিলে যাবে।

উপরোক্ত আলোচনা হতে বলা যায় যে, কার্যপত্রের ঘরের সংখ্যা, ঘর অংকন, ঘরের শিরোনাম, প্রতিষ্ঠানের প্রকৃতি, চাহিদার ওপর অনেকাংশে নির্ভরশীল।

সারসংক্ষেপ:

রেওয়ামিল প্রস্তুতের পর আর্থিক বিবরণী তৈরি করার পূর্বে হিসাবের সমন্বয় ও সমাপনী দাখিলাগুলোকে সংশ্লিষ্ট খতিয়ান উদ্বৃত্তগুলোর সাথে সমন্বিত করে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের জন্য অনানুষ্ঠানিকভাবে কার্যপত্র তৈরি করা হয়। প্রকৃতি ও প্রয়োজন অনুসারে কার্যপত্রের ছক বিভিন্ন ঘর বা কলাম বিশিষ্ট হয়ে থাকে। যেমন: আটঘরা কার্যপত্র, দশঘরা কার্যপত্র, বারোঘরা কার্যপত্র।

পাঠ-৪.৩ কার্যপত্র প্রস্তুতের ধাপসমূহ

Steps of Preparation of Work Sheet

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- হিসাবকাল শেষে কার্যপত্র তৈরির ধাপসমূহ বর্ণনা করতে পারবেন।

কার্যপত্র প্রস্তুতের ধাপসমূহ

Steps of preparation of work sheet

একটি কার্যপত্র (Work Sheet) প্রণয়ন করার ক্ষেত্রে যে সকল ধাপগুলো অতিক্রম করতে হয় তা নিচে একটি উদাহরণের মাধ্যমে আলোচনা করা হলো :

Example- : From the following Trial Balance, prepare a 10 coloumn Work Sheet

Asha Enterprise
Trial Balance
As on June 30, 2019

Acc. No	Account Titles	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
	Cash		10,000	
	Account Receivables		5,000	
	Prepaid Rent		2,000	
	Prepaid Insurance		2,500	
	Furnitures		45,000	
	Account Payables			4,000
	Asha, Capital			56,500
	Asha, Drawing		4,000	
	Service Revenue			18,000
	Advertising Expenses		6,000	
	Salaries Expense		4,000	
	Total		78,500	78,500

ধাপ-১ : রেওয়ামিল স্থানান্তর : প্রথম ধাপে, যে রেওয়ামিলটি দেওয়া থাকবে তা সরাসরি Work Sheet এর প্রথম দুই কলামে ডেবিট ও ক্রেডিট পাশে নিতে হবে, যা নিম্নরূপ :

Acc. No	Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Balance Sheet	
		Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.
	Cash	10,000									
	Account Receivables	5,000									
	Prepaid Rent	2,000									
	Prepaid Insurance	2,500									
	Furnitures	45,000									
	Account Payables		4,000								
	Asha, Capital		56,500								
	Asha, Drawing	4,000									
	Service Revenue		18,000								
	Advertising Expenses	6,000									
	Salaries Expense	4,000									
	Total	78,500	78,500								

ধাপ-২ : সমন্বয় দাখিলা থেকে সমন্বয় কলামে উপস্থাপন: দ্বিতীয় ধাপে, সমন্বয় থেকে যে সমন্বয় দাখিলা দেওয়া হবে তা সরাসরি সমন্বয়ে দুই কলামে বসাতে হবে। Asha Enterprise এর সমন্বয়সমূহ নিম্নরূপ :

(i) Closing prepaid rent Tk. 1000
(ii) Expired insurance premium Tk. 500 during the year.
(iii) Service provided but unbilled Tk. 1000
(iv) Salaries payable Tk. 500
(v) Depreciation expense on furniture Tk. 500

Adjust entries :

Asha Enterprise
Adjusting Entries

Acc. No	Account Titles & Explanation	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
(i)	Rent Expenses		1,000	
	Prepaid Rent			1,000
	(To record rent expense during the period)			
(ii)	Insurance Expenses		500	
	Prepaid insurance			500
	(To record insurance expenses during the year)			
(iii)	Account Receivables		1,000	
	Service Revenue			1,000
	(To record unbilled services)			
(iv)	Salaries Expense		500	
	Salaries Payable			500
	(To record salaries payable)			
(v)	Depreciation Expenses- Furnitures		500	
	Accum. Dep.– furniture			500
	(To record depreciation expenses on furnitures)			

সমন্বয় কলামে নিম্নরূপে উপস্থাপন করতে হবে :

Asha Enterprise
Work Sheet
For the year ended June 30, 2019

Acc. No	Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Balance Sheet	
		Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.
	Cash	10,000									
	Account Receivables	5,000		(iii) 1,000							
	Prepaid Rent	2,000			(i) 1,000						
	Prepaid Insurance	2,500			(ii) 500						
	Furnitures	45,000									
	Account Payables		4,000								
	Asha, Capital		56,500								
	Asha, Drawing	4,000									
	Service Revenue		18,000		(iii) 1,000						
	Advertising Expenses	6,000									
	Salaries Expense	4,000		(iv) 500							
	Total	78,500	78,500								
	Rent Expenses			(i) 1,000							
	Insurance Expenses			(ii) 500							
	Salaries Payable				(iv) 500						
	Depreciation Expenses			(v) 500							
	Accumulated Depeciation– Furnitures				(v) 500						
	Total			3,500	3,500						

ধাপ-৩ : সমন্বিত রেওয়ামিল প্রস্তুতকরণ: তৃতীয় ধাপে, রেওয়ামিল ও সমন্বয়ের সাথে ডেবিটের সাথে ডেবিট যোগ এবং ক্রেডিটের সাথে ক্রেডিট যোগ এবং বিপরীত ভাবে যোগ বিয়োগ করে নিম্নরূপে সমন্বিত রেওয়ামিল তৈরি করতে হবে।

Asha Enterprise
Work Sheet
For the year ended June 30, 2019

Acc. No	Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Balance Sheet	
		Debit (Tk.)	Credit (Tk.)	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr	Cr.
	Cash	10,000				10,000					
	Account Receivables	5,000		(iii) 1,000		6,000					
	Prepaid Rent	2,000			(i) 1,000	1,000					
	Prepaid Insurance	2,500			(ii) 500	2,000					
	Furnitures	45,000				45,000					
	Account Payables		4,000				4,000				
	Asha, Capital		56,500				56,500				
	Asha, Drawing	4,000				4,000					
	Service Revenue		18,000		1,000		19,000				
	Advertising Expenses	6,000				6,000					
	Salaries Expense	4,000		500		4,500					
	Total	78,500	78,500								
	Rent Expenses			(i) 1,000		1,000					
	Insurance Expenses			(ii) 500		500					
	Salaries Payable				500		500				
	Depreciation Expense			(v) 500		500					
	Accumulated Depeciation- furniture				(v) 500		500				
	Total			3,500	3,500	80,500	80,500				

ধাপ-৪ : আয় বিবরণী প্রস্তুতকরণ

চতুর্থ ধাপে, সমন্বিত রেওয়ামিলের আয়কে ক্রেডিট ও ব্যয়কে ডেবিট দিকে নিয়ে নিম্নরূপে আয় বিবরণী তৈরি করতে হবে :

Asha Enterprise
Work Sheet
For the year ended June 30, 2019

Acc. No	Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Balance Sheet	
		Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.
	Cash	10,000				10,000					
	Account Receivables	5,000		1,000		6,000					
	Prepaid Rent	2,000			1,000	1,000					
	Prepaid Insurance	2,500			500	2,000					
	Furnitures	45,000				45,000					
	Account Payables		4,000				4,000				
	Asha, Capital		56,500				56,500				
	Asha, Drawing	4,000				4,000					
	Service Revenue		18,000		1,000		19,000		19,000		
	Advertising Expenses	6,000				6,000		6,000			
	Salaries Expense	4,000		500		4,500		4,500			
	Total	78,500	78,500								
	Rent Expenses			1000		1,000		1,000			
	Insurance Expenses			500		500		500			
	Salaries Payable				500		500				
	Depreciation Expenses			500		500					
	Accumulated Depeciation- furniture				500		500	500			
	Total			3500	3,500	80,500	80,500	12,500	19,000		
	Net Income							6,500			
	Total							19,000	19,000		

ধাপ-৫ : উদ্বর্তপত্র তৈরিকরণ: এ ধাপে, অসমন্বিত রেওয়ামিল থেকে সম্পদগুলো ডেবিট পাশে এবং মূলধন ও দায়কে ক্রেডিট পার্শে এবং নিট মুনাফা/ক্ষতিকে ক্রেডিট/ডেবিট পাশে দিয়ে যোগ করে উদ্বর্তপত্র প্রস্তুত করা হয় ।

Acc. No	Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Balance Sheet	
		Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.
	Cash	10,000				10,000				10,000	
	Account Receivables	5,000		1,000		6,000				6,000	
	Prepaid Rent	2,000			1,000	1,000				1,000	
	Prepaid Insurance	2,500			500	2,000				2,000	
	Furnitures	45,000				45,000				45,000	
	Account Payables		4,000				4,000				4,000
	Asha, Capital		56,500				56,500				56,500
	Asha, Drawing	4,000				4,000				4,000	
	Service Revenue		18,000		1,000		19,000		19,000		
	Advertising Expenses	6,000				6,000		6,000			
	Salaries Expense	4,000		500		4,500		4,500			
		78,500	78,500								
	Rent Expenses			1,000		1,000		1,000			
	Insurance Expenses			500		500		500			
	Salaries Payable				500		500				500
	Depreciation Expenses			500		500		500			
	Accumulated Depeciation- furniture				500		500				500
	Total			3,500	3,500	80,500	80,500	12,500	19,000		
	Net Income							6,500			6,500
	Total							19,000	19,000	68,000	68,000

সারসংক্ষেপ:

কার্যপত্র হিসাবের গাণিতিক ভুল এড়ানোর কাজে, খতিয়ানের জেরগুলো একত্রে উপস্থাপন করতে, অন্তবর্তীকালিন আর্থিক প্রতিবেদন তৈরিতে, চূড়ান্ত আর্থিক বিবরণী তৈরিতে, আর্থিক ফলাফল জানার জন্যে, আয়ব্যয় ও সম্পত্তি-দায় চিহ্নিতকরণের ক্ষেত্রে, সমাপনী দাখিলা সহজকীকরণে এবং দ্রুত ও নির্ভুল আর্থিক বিবরণী তৈরিতে সহায়তা করে। এটি আর্থিক বিবরণীসমূহের একটি সংক্ষিপ্ত রূপ।

পাঠ-৪.৪ কার্যপত্র: গাণিতিক সমস্যা ও এর সমাধান
Work Sheet: Mathematical Problems and Solutions

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- কার্যপত্র তৈরির কৌশল ব্যাখ্যা করতে পারবেন।
- কার্যপত্র প্রস্তুত করতে পারবেন।

কার্যপত্র: গাণিতিক সমস্যা ও এর সমাধান
Work sheet: mathematical problems and solutions

Example 1:

Amir Traders
Trial Balance
For the Month Ended June 30, 2019

Account Titles	Debit (Tk.)	Credit (Tk.)
Cash	2,320	
Account Receivables	2,440	
Supplies	1,880	
Account Payables		1,120
Unearned Revenue		240
Capital		3,600
Service Revenue		2,400
Salaries Expense	560	
Miscellaneous Expenses	160	
Total	7,360	7,360

Other data: i) A physical count reveals Tk.300 of supplies on hand, ii) Tk. 100 of the unearned revenue is still unearned at month-end, iii) Accrued salaries are Tk.280.

Requirement : Enter the trial balance on a worksheet and complete the worksheet.

Solution :

Amir Traders
Worksheet
For the month ended June 30, 2019

Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Balance Sheet	
	Debit	Credit	Debit	Credit	Debit	Credit	Debit	Credit	Debit	Credit
Cash	2,320				2,320				2,320	
Account receivables	2,440				2,440				2,440	
Supplies	1,880			1,580	300				300	
Account payables		1,120				1,120				1,120
Unearned revenue		240	140			100				100
Capital		3,600				3,600				3,600
Service revenue		2,400		140		2,540		2,540		
Salaries expense	560		280		840		840			
Miscellaneous expenses	160				160		160			
Total	7,360	7,360								
Supplies expenses			1,580		1,580		1,580			
Salaries Payable				280		280				280
Total			2,000	2,000	7,640	7,640	2,580	2,540	5,060	5,100
Net Loss								40	40	
Total							2,580	2,580	5,100	5,100

Example 2: The following particulars are extracted from the books of Bishal traders relating to the year ended December 31, 2019

Bishal Traders
Trial Balance
December 31, 2019

Acc. No.	Account Titles	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
	Cash		5,00,000	
	Account Receivables		2,20,000	
	Prepaid Insurance		1,80,000	
	Supplies		1,20,000	
	Miscellaneous expenses		50,000	
	Rent expense		1,80,000	
	Service Revenue			15,00,000
	Advertising expenses		80,000	
	Drawings		1,90,000	
	Capital			7,00,000
	Account payables			1,10,000
	Accumulated depreciation-Equipment			90,000
	Office equipments		4,20,000	
	Salaries expense		4,80,000	
	Unearned service Revenue			20,000
			24,20,000	24,20,000

Adjustment are to be made on the followings :

1. Salary payable is Tk. 10,000
2. Depreciation on office equipments Tk. 30,000 for the year
3. The balance of prepaid insurance account represents the next of five years policy starting from January 1, 2019
4. Supplies on hand Tk. 20,000
5. Unearned service revenue earned Tk. 15,000

Requirement : Prepare a ten column work sheet.

Solution :

Bishal Traders
Ten column work sheet
For the year ended 31 December, 2019

Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Balance Sheet	
	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.
Cash	5,00,000				5,00,000				5,00,000	
Account Receivables	2,20,000				2,20,000				2,20,000	
Prepaid Insurance	1,80,000			36,000	1,44,000				1,44,000	
Supplies	1,20,000			1,00,000	20,000				20,000	
Misc. Expenses	50,000				50,000		50,000			
Rent expense	1,80,000				1,80,000		1,80,000			
Service Revenue		15,00,000		15,000		1515000		15,15,000		
Advertising exp.	80,000				80,000		80,000			
Drawings	1,90,000				1,90,000				1,90,000	
Capital		7,00,000				7,00,000				7,00,000
Account payables		1,10,000				1,10,000				1,10,000
Acc. Dep.- Equipment		90,000		30,000		1,20,000				1,20,000
Office equipments	4,20,000				4,20,000				4,20,000	
Salaries expense	4,80,000		10,000		4,90,000		4,90,000			
Unearned Revenue		20,000	15,000			5,000				5,000
Total	24,20,000	24,20,000								

Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Balance Sheet	
	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.
Salary payable				10,000		10,000				10,000
Dep. Expenses			30,000		30,000		30,000			
Insurance exp.			36,000		36,000		36,000			
Supplies exp.			1,00,000		1,00,000		1,00,000			
Total			1,91,000	1,91,000	24,60,000	24,60,000	9,66,000	15,15,000	14,94,000	9,45,000
Net Income							5,49,000			5,49,000
Total							15,15,000	15,15,000	14,94,000	14,94,000

Example 3: The following is the Trial Balance of Hasan International for the quarter ended March 31, 2019 :

Account Titles	Ref.	Dr. (Tk.)	Cr. (Tk.)
Cash		2,14,000	
Account Receivables		56,200	
Supplies		10,500	
Prepaid Insurance		24,000	
Equipments		3,00,000	
Notes Payable			2,00,000
Account Payables			1,23,500
Capital			2,00,000
Drawing		6,000	
Service Revenue			1,36,200
Salaries Expense		22,000	
Travel Expense		13,000	
Rent Expense		12,000	
Miscellaneous Expenses		2,000	
		6,59,700	6,59,700

Other data :

(i) Supplies on hand Tk. 7,500.

(ii) Depreciation of Tk. 6,000 per year.

(iii) Interest accrued on 6-month notes payable, issued on January 1, Tk. 3,000.

(iv) Insurance expires at the rate of Tk. 1,500 per month.

(v) Services provided but unbilled at March 31, Tk. 7,500.

Requirement : Prepare a 10-column worksheet.

Solution :

Hasan International

Worksheet

For the year ended 31 December, 2017

Acc. No.	Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Balance Sheet	
		Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.
	Cash	2,14,000				2,14,000				2,14,000	
	Account Receivables	56,200		7,500		63,700				63,700	
	Supplies	10,500			3,000	7,500				7,500	
	Prepaid Insurance	24,000			4,500	19,500				19,500	
	Equipments	3,00,000				3.00.000				3.00.000	
	Notes Payable		2,00,000				2,00,000				2,00,000
	Accounts payable		1,23,500				1,23,500				1,23,500
	Jahid's Capital		2,00,000				2.00.000				2,00,000
	Jahid's Drawings	6,000				6,000				6,000	
	Service Revenue		1.36.200		7,500		1,43,700		1,43,700		
	Salaries Expense	22,000				22,000		22,000			
	Travel Expense	13,000				13,000		13,000			
	Rent Expenses	12,000				12,000		12,000			
	Miscellaneous Expenses	2,000				2,000		2,000			
	Total	6,59,700	6,59,700								

Acc. No.	Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Balance Sheet	
		Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.
	Supplies Expense			3,000		3,000		3,000			
	Depreciation Expense			5,000		5,000		5,000			
	Accumulated Depreciation				5,000		5,000				5,000
	Interest Expenses			3,000		3,000		3.000			
	Interest payable				3,000		3.000				3,000
	Insurance Expense			4,500		4,500		4,500			
	Total			23,000	23,000	6,75,200	6,75,200	64,500	1,43,700	6,10,700	5,31,500
	Net Income							79,200			79,200
	Total							1,43,700	1,43,700	6,10,700	6,10,700

Example 4: The following particulars are extracted from the books of Rupali traders relating to the year ended December 31, 2019 :

Rupali Traders

Trial Balance

As at December 31, 2019

Acc. No.	Account Titles	Ref.	Debit (Tk.)	Credit (Tk.)
	Cash		2,00,000	
	Land & Buildings		11,00,000	
	Prepaid advertising		80,000	
	Accumulated Dep. Buildings			1,20,000
	Equipments		1,00,000	
	Account payables			1,30,000
	Notes payable			2,00,000
	Service Revenue			8,00,000
	Salaries expense		1,80,000	
	Prepaid Insurance		20,000	
	Office supplies		10,000	
	Electricity expenses		5,000	
	Office expenses		15,000	
	Prepaid Rent		1,20,000	
	Interest expense-Notes payable		5,000	
	Capital			8,00,000
	Drawing		1,00,000	
	Furnitures		1,15,000	
			20,50,000	20,50,000

Adjustment :

1. Prepaid insurance has been expired Tk. 1,000 per month.
2. Accrued office expense Tk. 4,000.
3. Unearned service revenue Tk. 5,000 include in service revenue.
4. Depreciation on building Tk. 10,000 per annum.

Requirements: Prepare ten column worksheet.

Solution :

Rupali Traders

Ten column worksheet

For the year ended December 31, 2019

Acc. No.	Account Titles	Trial Balance		Adjustments		Adjusted Trial Balance		Income Statement		Balance Sheet	
		Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.	Dr.	Cr.
	Cash	2,00,000				2,00,000				2,00,000	
	Land & Buildings	11,00,000				11,00,000				11,00,000	
	Prepaid Advertising	80,000				80,000				80,000	
	Acc. Dep. Building		1,20,000		10,000		130000				1,30,000
	Equipments	1,00,000				1,00,000				1,00,000	
	Account payables		1,30,000				1,30,000				1,30,000
	Notes payable		2,00,000				2,00,000				2,00,000
	Service revenue		8,00,000	5,000			7,95,000		7,95,000		
	Salaries expense	1,80,000				1,80,000		1,80,000			
	Office supplies	10,000				10,000				10,000	
	Prepaid insurance	20,000			12,000	8,000				8,000	
	Electieity expenses	5,000				5,000		5,000			
	Office expenses	15,000		4,000		19,000		19,000			
	Prepaid Rent	1,20,000				1,20,000				1,20,000	
	Interest exp.-Notes payable	5,000				5,000		5,000			
	Capital		8,00,000				8,00,000				8,00,000
	Drawings	1,00,000				1,00,000				1,00,000	
	Furnitures	1,15,000				1,15,000				1,15,000	
	Insurance Exp.			12,000		12,000		12,000			
	Total	20,50,000	20,50,000								
	Office exp. payable				4,000		4,000				4,000
	Unearned service revenue				5,000		5,000				5,000
	Dep. exp.- building			10,000		10,000		10,000			
	Total			31,000	31,000	20,64,000	20,64,000	2,31,000	7,95,000	18,33,000	12,69,000
	Net income							5,64,000			5,64,000
	Total							7,95,000	7,95,000	18,33,000	18,33,000

সারসংক্ষেপ:

রেওয়ামিল প্রস্তুতের পর আর্থিক বিবরণী তৈরি করার পূর্বে হিসাবের সমন্বয় ও সমাপনী দাখিলাগুলোকে সংশ্লিষ্ট খতিয়ান উদ্বৃত্তগুলোর সাথে সমন্বয় করে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের জন্য কার্যপত্র তৈরি করা হয়। প্রকৃতি ও প্রয়োজন অনুসারে কার্যপত্রের ছক বিভিন্ন ঘর বা কলাম বিশিষ্ট হয়ে থাকে। যেমন: আটঘরা কার্যপত্র, দশঘরা কার্যপত্র, বারোঘরা কার্যপত্র। আর্থিক বিবরণীর মতো কার্যপত্রের সাহায্যেও আমরা নিট লাভ বা ক্ষতি, সম্পত্তি ও দায়ের পরিমাণ জানতে পারি।

ইউনিট মূল্যায়ন

১। কার্যপত্রের সংজ্ঞা দিন। কার্যপত্রের প্রয়োজনীয়তা বর্ণনা করুন। Define worksheet. Narrate the necessity of worksheet.

২। একটি ১০-ঘরা কার্যপত্রের ছক দেখান। Show a proforma of 10-column worksheet

৩। কার্যপত্র প্রস্তুতপ্রণালি সংক্ষেপে বর্ণনা করুন। Describe in brief, the rules for the preparation of worksheet

4. At end of the first month of operations, Sayed Washing Services has the following unadjusted Trial Balance:

Sayed Washing Services
Trial Balance
August 31, 2019

Account Titles	**Ref.**	**Debit (Tk.)**	Credit (Tk.)
Cash		15,400	
Account Receivable		2,800	
Prepaid Insurance		2,400	
Supplies		1,300	
Equipment		1,60,000	
Notes payable			1,40,000
Accounts payable			2,400
Capital, Sayed			30,000
Drawings, Sayed		1,000	
Service revenue			14,900
Salaries expenses		3,200	
Utilities expenses		800	
Advertising expenses		400	
Total		**1,87,300**	**1,87,300**

Other data consist of the following :

(1) Insurance expires at the rate of Tk. 200 per month.

(2) There are Tk. 1,000 of supplies on hand at August 31, 2019

(3) Monthly depreciation on the equipment of Tk. 900.

(4) Interest of Tk. 1,500 on the notes payable has accrued during August.

Requirement : Prepare a 10- column work sheet.

5. The account balances taken from the ledgers of Kashem Enterprise on December 31, 2019 as follows :

Account titles	Tk.
Cash	9,000
Account receivables	15,000
Notes receivable	2,000
Store supplies	800
Investments	40,000
Store furnitures	40,000
Account payables	14,500
Notes payable	11,000
Kashem, Capital	25,000
Sales	1,25,000
Purchase	65,000
Purchase returns	5,050
Sales salaries	6,000
Misc. General expenses	700
Advertising expenses	1,050
Taxes	450
Interest income	950
Interest expenses	1,500

Adjustment data :

(a) Inventories : Merchandise Tk. 24,400; store supplies Tk. 300.
(b) Depreciation on store furnitures 5% p.a
(c) Accrued advertising Tk. 250.
(d) Accrued taxes Tk. 200.
(e) Accrued interest on Notes payable Tk. 120.

Requirement : Prepare a 10- column work sheet.

6. The following balances have been extracted from the ledgers of Sornali Co. Ltd. as on 31st December, 2019

Account titles	Debit (Tk.)	Credit (Tk.)
Cash	22,000	
Account Receivables	20,455	
Allowance For Doubtful Accounts		1650
Merchandise Inventories– Opening	1,17,240	
Prepaid Insurance	14,000	
Store Equipments	30,600	
Accumulated Depreciation -Store Equipments		20,560
Delivery Equipment	18,080	
Accumulated Depreciation-Delivery Equipments		9,400
Office Equipments	55,000	
Accumulated Depreciation– Office Equipments		6,100
Buildings	1,70,000	
Accumulated Depreciation-Buildings		78,500
Land	45,000	
Account Payables		50,260
Notes Payable		13,000
Common Stocks		1,60,000
Retained Earnings		58,215
Dividends	18,000	
Sales		9,99,000
Purchases	7,50,000	
Operating Expenses	1,35,250	
Interest Expense	1,060	
	13,96,685	13,96,685

Adjustment information :

(a) Merchandise inventories December 31, Tk. 1,20,800
(b) Prepaid insurance expired during the year Tk. 6,000.
(c) Estimated uncollectible account at Dec. 31 Tk. 2,850.
(d) Sales include sale of office equipments on 1.07.2019, book value of which was Tk. 35,000.
(e) Accrued liabilities at the end of the year Tk. 300 on notes & Tk. 1,500 for operating expenses.
(f) Depreciate Buildings by 3% & office equipment by 5%

Requirement : Prepare a A 12 – Column work sheet.

এ ইউনিটের মূখ্য শব্দসমূহ

মূখ্য শব্দ	সমন্বয় দাখিলা, হিসাবকাল, আটঘরা কার্যপত্র, দশঘরা কার্যপত্র, বারোঘরা কার্যপত্র, সমন্বিত রেওয়ামিল, আয়ব্যয় বিবরণী, উদ্বর্তপত্র।